[redacted]

[redacted] [redacted] [redacted] [

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, গাংনীর দারিদ্র বিমোচন কেন্দ্র নামের একটি এনজিও থেকে স্ত্রী চম্পা ও ঘাতক জুয়েল তার মায়ের নামে ৯৮ হাজার টাকা করে মোট ১লক্ষ ৯৬ হাজার টাকা ঋন গ্রহন করে তার শশুরকে ব্যবসা করতে দেয়। তার শশুর ৩৫ হাজার টাকা পরিশোধ করে পরে বাকি টাকা দিতে বিলম্ব করে। টাকা ফেরত দিতে বিলম্ব হওয়ার কারণ নিয়ে জুয়েল ও কার স্ত্রীর মধ্যে বাকবিতন্ডা হতো। এর এক পর্যায়ে ঘটনার দিন ১৪ এপ্রিল রাতে স্বামী জুয়েল তার স্ত্রীকে ঘুমন্ত অবস্থায় গলায় ওড়নার ফাঁস দিয়ে হত্যা করে ও পরে ডাকাতির নাটক সাজাতে মৃত স্ত্রীর মাথায় দা দিয়ে আঘাত করে এবং নিজেও নিজেকে আঘাত করে।বর্তমানে সে মেহেরপুর জেল হাজতে রয়েছে।

গাংনীতে কাতার প্রবাসির খাদ্য সামগ্রী বিতরণ

করোনা ভাইরাসের প্রভাবে মানুষ কর্মহীন হয়ে পড়ায় মেহেরপুরের গাংনী উপজেলার আড়পাড়া গ্রামে ৬০টি পরিবারের মাঝে খাদ্য সহায়তা বিতরণ করা হয়েছে।

শুক্রবার বিকেলে কাতার প্রবাসি মোঃ খালিদ হোসেন এর পক্ষ থেকে উপজেলার আড়পাড়া বাজারে ৬০ জন কর্মহীন পরিবারের মাঝে ১০ কেজি চাউল, ২ কেজি আলু, আধা কেজি করে তেল ও মসুরি ডাউল এবং সাবান বিতরণ করা হয়।

জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক উপস্থিৎ থেকে খাদ্য সহায়তা বিতরণ করেন।
এ সময় ধানখোলা ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি মোঃ শমসের আলি, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আঃ হাকিম উপস্থিৎ ছিলেন।

ত্রাণ বিতরণ কালে বক্তারা বলেন আড়াপাড়া গ্রামের কৃতি সন্তান হাজি জাফর আলির ছেলে কাতার প্রবাসি মোঃ খালিদ হোসেন সুদুর প্রবাস থেকেও আপনাদের কথা ভাবেন। করোনা ভাইরাসের কারণে আপনাদের ঘরে থাকতে হয় যে কারণে মানুষ কর্মহীন হয়ে এই জন্য তিনি এ খাদ্য সহায়তা অব্যাহত রাখবেন।

[redacted]

[redacted]

সাহিদুজ্জামান খোকন, উপজেলা চেয়ারম্যান এম এ খালেক ও পৌর মেয়র আশরাফুল ইসলাম এর কাছে সুষ্ঠ তদন্ত সহকারে তাঁর স্বামী হত্যা ও ছেলে স্ত্রীর উপর হামলার বিচার দাবি করেন। সাথে সাথে গাংনীর জনসাধারণের কাছে সহযোগিতা কামনা করেন।
সংবাদ সম্মেলনে মিসেস সালমা ইসলামের ছেলে শাওন ইসলাম বলেন আমার বাবাকে অনেক আগেই হত্যা করেছেন আমি মানুষের জন্য কিছু করতে চাই। এ সময় তিনি অনুরোধ করেন হামলা না করার জন্য।

মেহেরপুর প্রতিদিন’র সাংবাদিক পারভেজ আহত

মেহেরপুর প্রতিদিন’র সাংবাদিক পারভেজ সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন।

গতকাল শুক্রবার রাত ৯ টার দিকে মেহেরপুর পুরাতন বাসস্টান্ড সংলগ্ন বিআরটিসি টিকেট কাউন্টারের সামনে মুখোমুখি মোটরসাইকেল দুর্ঘটনায় গুরুতর আহত হন।

এতে তার ব্যবহৃত মোটরসাইকেল টি মারাত্বক ভাবে দুমড়ে মুচড়ে যায়।

‘মেহেরপুর প্রতিদিন’ পরিবারের পক্ষ থেকে তার দ্রুত সুস্থতা কামনা করা হয়েছে।

ফেসবুকে পোস্ট দেখে ব্যার্থ অভিযান ইউএনও’র

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা বাজারে খোলা বাজারে বিক্রয় হচ্ছে সরকারি চাউল। এমন একটি তথ্য সামাজিক যোগাযোগ মাধ্যম

ফেসবুকে পোষ্ট করা হয়। পোস্টটি শেখ মোহাম্মদ নাজমুল হোসেন নামের একটি আইডি থেকে পাওয়া যায়।

এই পোস্টে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান ধানখোলা বাজারের ব্যবসায়ী আতিয়ার রহমানের ছেলে আল আমীনের ব্যবসা প্রতিষ্ঠানে অভিযান পরিচালনা করেন।

ঐ ব্যবসায়ী দাবি করেন তার প্রতিষ্ঠানের চাউল সরকারি নয়। ব্যাসায়ীর দাবি বামন্দী বাজারের রেজাউলের নিকট থেকে তিনি চাউল ক্রয় করেছেন। বিষয়টি পরিষ্কার হওয়ার জন্য নির্বাহী কর্মকর্তা বামন্দীর ঐ ব্যাবসায়ীর সাথে মোবাইল ফোনে যোগাযোগ করেন। তাতে তিনি জানতে পারেন এগুলো সরকারি চাউল নয়। তারপরও অধিকতর নিশ্চয়তার জন্য গাংনী খাদ্য পরিদর্শক মতিয়ার রহমানকে অভিযানস্থলে তলব করেন। তিনি বিষয়টি নিশ্চিত করেন যে এটা সরকারি চাউল নয়।

পরে উপজেলা প্রশাসন ফিরে আসেন।

এ বিষয়ে জানতে চাওয়া হলে উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন, আসলে এখনকার পরিস্থিতিতে ফেসবুকে চাউলের অনিয়মের ঘটনা পোস্ট হওয়ায় সরকারের ভাবমুর্তি নষ্ট হয়। যে কারণে এ অভিযান পরিচালনা করা হয়েছে।

পরে প্রমানিত হয় যে আসলে ফেসবুকে যে পোষ্ট করেছে সে না জেনে ভুল তথ্যের উপর পোস্ট করেছে।

তিনি আরও বলেন, পোস্ট কারিকে ঐ স্থানে ডাকা হয়েছিল কিন্তু সে ঢাকায় আছে বলে জানান।

গাংনীর পূর্বমালসাদহ গ্রামে গৃহবধুকে কুপিয়ে হত্যা:

স্বামী আহত

মেহেরপুরের গাংনী পৌর এলাকার পূর্বমালসাদহ গ্রামে চম্পা খাতুন
(২০) নামের এক গৃহবধুকে কুপিয়ে হত্যা করেছে দৃর্বৃত্তরা। এসময় তার স্বামী জুয়েল রানাকেও (৩০) কুপিয়ে আহত করা হয়েছে।

এক পুত্র সন্তানের জননী নিহত চম্পা পূর্বমালসাদহ গ্রামের ইটভাটা শ্রমিক জুয়েল রানার স্ত্রী।

মঙ্গলবার দিবাগত মধ্যেরাতে নিজ বাড়িতে হত্যাকান্ডের ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান মঙ্গলবার দিবাগত মধ্যেরাতে জুয়েল রানার বাড়ি থেকে চিৎকারের শব্দ পেয়ে প্রতিবেশীরা দৌড়ি এগিয়ে গিয়ে বাড়ির আঙ্গিনায় চম্পার লাশ পড়ে থাকতে দেখে । এসময় বাড়ির অদূরে স্বামী জুয়েলকে আহত অবস্থায় পড়ে থাকতে দেখে। পরে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

আহত জুয়েল রানা জানান, রাতে আমার স্ত্রী বাথরুমে যেতে চাইলে আমরা স্বামী-স্ত্রী ঘরের বাইরে যায়। ওত পেতে থাকা একদল সন্ত্রাসীরা আমাদের উপর হামলা করে ও তাৎক্ষনিকভাবে চাঁদার দাবি করে। চাঁদার দাবি পূরণ না করায় তারা স্ত্রীকে শ্বাসরোধে ও কুপিয়ে হত্যা করে। আমি ঠেকাতে গেলে,সন্ত্রাসী আমাকে কুপিয়ে আহত করে। এসময় প্রাণ বাঁচাতে আমি চিৎকার করলে,প্রতিবেশীরা এসে উদ্ধার করে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, লাশ উদ্ধার করা হয়েছে। আজ বুধবার লাশের ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেয়া হবে। কে বা কাহারা হত্যা করেছে তা খতিয়ে দেখা হচ্ছে।

গাংনীতে সরকারি আর্দেশ উপেক্ষা করে রড-সিমেন্টের দোকান খোলা

মেহেরপুরের গাংনী বাজারের বড় বড় ব্যবসায়ীরা সরকারি লকডাউন মেনে দোকান বন্ধ করে বাড়িতে রয়েছে। সেখানে সরকারি নির্দেশ উপেক্ষা

বলেন, আমার দোকানে তিনজন লেবার রয়েছে। ব্যবসা না করলে তাদের বেতন দেবো কী করে? অন্য দোকান বন্ধ রয়েছে এমন সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, গোপনে তারাও ব্যবসা করছে। আমার দোকানের সামনে দিয়ে প্রতিদিন প্রশাসন চলাফেরা করে আমাকে কেউ নিষেধ করেনি। আপনারা সাংবাদিক ছবি তুলছেন কেন।

এব্যাপারে গাংনী থানার (ওসি) ওবাইদুর রহমান জানান, কেউ যদি সরকারি নির্দেশ উপেক্ষা করে গাংনী বাজারে দোকান খোলা রাখে তার বিরুদ্ধে তদন্ত পূবক আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানান, তিনি ।

এব্যাপারে গাংনী উপজেলা নির্বাহী অফির্সার দিলারা রহমান বলেন, গাংনী উপজেলার সকল ব্যবসায়ীদের সরকারি নিদের্শ মোতাবেক লকডাউন ঘোষণা করা হয়েছে। কেউ যদি সরকারি নির্দেশ উপেক্ষা করে দোকান খোলা রাখে তাহলে তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

গাংনীর কাথুলী ইউপির উদ্যোগে খাবার সামগ্রী ও নগদ অর্থ সহায়তা

করোনা ভাইরাস মোকাবেলায় মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের উদ্যোগে অসহায় কর্মহীন মানুয়ের মাঝে খাবার সামগ্রী ও নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়েছে।

গতকাল সোমবার ইউনিয়ন কার্যালয়ে সকল ওয়ার্ডের ৪৩৫ টি পরিবারের মাঝে নগদ অর্থ ও খাদ্য সহায়তা প্রদান করেন ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এসময় ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা বলেন, করোনা ভাইরাস মোকাবেলায় কর্মহীন খেটে খাওয়া মানুষের যে সমস্যা হচ্ছে তাতে তারা অসহায় হয়ে পড়েছে। এই করোনা ভাইরাস সম্পর্কে আপনার সকলে সচেতন থাকবেন। সরকারি নিয়ম কানুন মেনে চলবেন। নিজ নিজ ঘরে অবস্থান করুন।